সংবাদ

তারিখ 27 MAY 1988
পৃষ্ঠা 5 কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

২৪

# দু'টি বিদ্যালয়ে লেখাপড়া বিঘ্নিত

কটিয়াদী (কিশোরগঞ্জ), ২৫ মে (নিজস্ব সংবাদদাতা) ।--ঝড়ে বিধ্বস্ত প্রাথমিক বিদ্যালয়টি ২ বছর যাবৎ মেরামত না করায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

মনোহরদী উপজেলার ৫০ নং নোয়াগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯৮৭ সালে ঝড়ে সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়। এরপর আর বিদ্যালয়টি নির্মাণের ব্যাপারে কোন উদ্যোগ নেয়া হয়নি। বিদ্যালয়ে ৫ জন শিক্ষক শিক্ষিকা ও ২শ' ৪ জন ছাত্র-ছাত্রী রয়েছে। বিদ্যালয়ের আসবাবপত্র বলতে কিছুই নেই। চেয়ার, টেবিল, বেঞ্চ, আলমারী কোন কিছুই নেই।

সম্প্রতি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এলাকাবাসীদের সহযোগিতায় কোনমতে একটি টিনের চালা তোলা হয়েছে।

ঝড়ে বিধ্বস্ত উত্তর মনতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের

(২-এর পাতায় দেখুন)

## লেখাপড়া বিঘ্নিত

(৫-এর পাতার পর)

একই অবস্থা বিদ্যমান। বিদ্যালয়ের টিনের চালা, বেড়া নিকটবর্তী মাঠে এলোমেলো অবস্থায় পড়ে রয়েছে, তা রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে নষ্ট হয়ে যাচ্ছে। ছাত্রদের এখন গাছতলায় বসে ক্লাস করতে হচ্ছে। আকাশে মেঘ দেখা দিলে ছুটি দেয়া হয়। ফলে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের লেখাপড়ার অপূরণীয় ক্ষতি সাধিত হচ্ছে।

বিদ্যালয়টি মেরামতের ব্যাপারে বার বার আবেদন জানানো সত্ত্বেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন উদ্যোগ নিচ্ছে না।